

শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে অর্থ সঙ্কট ॥ উন্নয়ন কাজ স্থগিত

শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় থেকে সংবাদদাতা ॥ শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে চরম অর্থ সঙ্কট দেখা দিয়েছে। গত জাতীয় বাজেটে এ বিশ্ববিদ্যালয়ের বাজেট অনুমোদিত না হওয়ায় এই সঙ্কট আরো চরম আকার ধারণ করেছে। অর্থ সঙ্কটের কারণে বিশ্ববিদ্যালয় বাস্তবায়নের অনেক পূর্ব থেকেই উন্নয়ন কার্যক্রম স্থগিত রয়েছে। অঞ্চল ছাত্র-ছাত্রীদের নতুন আবাসিক হল নির্মাণ, পুরনো হলগুলোর সংস্কার ও বর্ধিতকরণ, নতুন একাডেমিক ভবন তৈরী, বিভিন্ন বিভাগের বর্ধিতকরণ ও আধুনিকায়ন, বিশ্ববিদ্যালয় লাইব্রেরীর জন্য আলাদা ভবন বা পঠকক্ষের আয়তন বৃদ্ধি, ছাত্র-ছাত্রীদের চপাচপের জন্য বাস ক্রয়, বিভিন্ন বিভাগে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ এবং খামার বিভাগের আধুনিকায়ন অতি জরুরী। বিশ্ববিদ্যালয়ে কোন উন্নয়ন বাজেট না থাকায় এ জরুরী কাজ এখন পর্যন্ত শুরু হয়নি। সরকার থেকে গ্রাণ্ড ব্লক বরাদ্দ থেকে শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও মুমিকদের বেতন চলছে। ভাষ্যতা ন্যূনতম পরিমাণ বাজেট নিয়ে বিভাগগুলো কোন প্রকম চলছে।